

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
সঞ্চয় শাখা  
[www.ird.gov.bd](http://www.ird.gov.bd)

নং-০৮.০০.০০০০.০৪১.১১.০০৬.১৫.

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
০৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

৩৪তম বিসিএস এর লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ১২/১২/২০১৬খ্রি: তারিখের ৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১/৩৩৯ নং পত্রের সুপারিশক্রমে এ পত্রের ৩নং অনুচ্ছেদে বর্ণিত ১ (এক) জন প্রার্থীকে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সঞ্চয় অফিসার পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

- (ক) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকুরি হতে অপসারণ করা যাবে;
- (খ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকুরিতে স্থায়ী করা হবে;
- (গ) চাকুরি হতে ইস্তফা প্রদানে ০১ (এক) মাসের নোটিশ অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন সরকারি কোষাগারে জমা দিতে হবে।
- (ঘ) যদি তিনি শিক্ষানবিসকালীন অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন এবং তার ইস্তফা সরকারী কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (ঙ) ৩৪তম বিসিএস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারণ হবে;
- (চ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ছ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (জ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- (ঝ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় অভ্যন্তরীণ সম্পদ বিভাগে জমা দিতে হবে;
- (ঞ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।
- (ট) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে ভবিষ্যতে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তিনি সরকার হতে গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন।

২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৪ অক্টোবর ২০১৭ খ্রি: তারিখ পূর্বাঙ্কে তাকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব বরাবর যোগদানপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। পদের নাম: সঞ্চয় অফিসার

ক্রমিক নং	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর নাম
১.	০৪০৩৪০	সামিয়া ফেরদৌস

৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মো: নজিবুর রহমান)

সিনিয়র সচিব


অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

নং-০৮.০০.০০০০.০৪১.১১.০০৬.১৫. ৬২৭/১৩৪)

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
০৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা  
(সূত্র: বিপিএসসি'র ১২/১২/২০১৬খ্রি: তারিখের ৮০.১০৪.০১১.০০.০০.০১০. ২০১১/৩৩৯ নং পত্র)
- ৬। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৭। যুগ্ম সচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যোগদানের জন্য আগত কর্মকর্তাকে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের সুপারিশসহ)।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০ (বিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
- ৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। যুগ্ম সচিব (সঞ্চয়, স্ট্যাম্প ও আইসিটি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ১২। বেগম সামিয়া ফেরদৌস, সঞ্চয় অফিসার, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

  
(মো: আবদুল জব্বার)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০২১৭